

শেখ আলীমের হাইকু - ৫

জোটে যদি মোটে একটি পয়সা
খাদ্য কিনো না কিংবা কিনো না ফুল
ভালবাসা কিনে করিও একটি ভুল।

যতদূর যাও ততদূর পাশে চলা
রেলের লাইন মেশে না তবু কি থামে
হৃদয়ের কথা একদিন হবে বলা।

নীরবে সয়েছি নীরবে সহিয়া যাই
তুমি যা পেরেছ আমি তাহা পারি নাই
রুদ্ধ বিনুক দুঃখের মুক্তা বুকো।

যুগলবন্দী স্মৃতির সিনেমা মানস পটে
কালের কাঁথায় মুড়ি দিয়ে একা শ্রাবণ রাত
খোলা জানালায় মেঘ করে উৎপাত।

দুই সারি পিঁপড়ের পদাতিক দল
চার্জ করে ছুটে আসে দুই দিক থেকে
এক অপরের মুখে চুম্বন আঁকে।

যাই বলে তো চলেই গেলে
তারায় তারায় ওৎ পেতে রয় ঘাতক স্মৃতি
গেলেই কি আর মুক্তি মেলে।